

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভার তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রি।

সভার সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব র্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দের নাম, পদবী, স্বাক্ষর

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম পদবী স্বাক্ষর- (পরিশিষ্ট- ক)

ক্রমিক নং	সদস্যবৃন্দের নাম ও ঠিকানা	কমিটিতে অবস্থান	উপস্থিতি স্বাক্ষর
০১	জনাব র্না রহমান ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সভাপতি	স্বাক্ষরিত
০২	জনাব ডাঃ সজল কুমার দাস উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৩	জনাব সিরাজুল ইসলাম-চেয়ারম্যান বিশনন্দী ইউনিয়ন পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৪	জনাব সফর আলী (বীর মুক্তিযোদ্ধা) সাবেক চেয়ারম্যান, মাহমুদপুর ইউনিয়ন পরিষদ।	সদস্য	"
০৫	জনাব জাকির হোসেন মোল্লা, বিশিষ্ট সমাজসেবক গোপালদী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৬	জনাব মামুন আর রশিদ, বিশিষ্ট সমাজসেবক আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য	"
০৭	মাহমুদা আকতার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।	সদস্য-সচিব	"

আলোচ্য সূচীঃ

- ১। সভার লক্ষ্য ও উদ্দেশ্য উপস্থাপন।
- ২। উপজেলা মৎস্য দপ্তরের সার্বিক কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
- ৩। বিবিধ।

অধ্যকার উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সভা র্না রহমান, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদ আইন (সংশোধিত) ২০১১ এর ২৯ ধারা এর উপ- ধারা ৬ মোতাবেক উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে প্রতি ০২ (দুই) মাসে অনূন্য একবার সভায় মিলিত হতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরের সার্বিক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনান্তে কর্মপরিকল্পনা গ্রহন এবং বাস্তবায়ন করতে হবে।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, অভ্যন্তরীণ জলাভূমি/বর্ষাপ্লাবিত ধানক্ষেত/প্লাবনভূমি/প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনামাছ অবমুক্তি কার্যক্রম ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষে রাজস্ব খাতের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে মোট ০৭ টি প্রাতিষ্ঠানিক জলাশয়ে ও ০১ টি প্লাবনভূমিতে সর্বমোট ৩২৭ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

এছাড়া "বেশি বেশি মাছ চাষ করি, বেকারত্ব দূর করি" এ স্লোগানকে সামনে রেখে নানা কর্মসূচীর মাধ্যমে সাতদিন ব্যাপি জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন করা হয়।